আমাদের সময়

তারিখ ২৯ JUL 2015
পৃষ্ঠা ২ কলাম ৭

## জেলা প্রশাসক সম্মেলন শুরু

# কতিপয় শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ করলেন ডিসিরা

নিজস্ব প্রতিবেদক ●

প্রধানমন্ত্রীর সঙ্গে মুক্ত আলোচনার মধ্য দিয়ে গতকাল মঙ্গলবার শুরু হলো তিন দিনব্যাপী জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন ২০১৫। প্রথমদিন পাঁচ মন্ত্রণালয়ের সঙ্গে অধিবেশনে যোগ দিয়ে ব্যস্ততম দিন পার করেছেন ডিসিরা। এদিন তারা সরকারের বিভিন্ন কর্মসূচি ও অগ্রাধিকার সম্পর্কে ধারণা নেওয়ার পাশাপাশি নীতিনির্ধারকদের কাছ থেকে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা নেন। এরমধ্যে গতকাল বিকালে শিক্ষা মন্ত্রণালয়; প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে মতবিনিময়কালে কতিপয় শিক্ষকের বিরুদ্ধে পরীক্ষার হলে 'প্রশ্নের উত্তর' বলে দিয়ে সহযোগিতা করার অভিযোগ করেন ডিসিরা। এ অনিয়ম এড়াতে তারা কঠোর পদক্ষেপ নেওয়ার প্রস্তাব করেন।

সম্মেলনের উল্লেখযোগ্য আলোচ্য বিষয় হচ্ছে– ভূমি ব্যবস্থাপনা, আইনশৃঙ্খলা পরিস্থিতি, স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম জোরদার করা, দুর্যোগ ব্যবস্থাপনা, ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম, স্থানীয় পর্যায়ে কর্মসৃজন ও দারিদ্র্য বিমোচন কর্মসূচি বাস্তবায়ন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার ও ই-গভর্নেন্স, শিক্ষার মান উন্নয়ন ও সম্প্রসারণ, স্বাস্থ্যসেবা ও পরিবার কল্যাণ, পরিবেশ সংরক্ষণ, দূষণ ও রোধ, ভৌত অবকাঠামো উন্নয়ন এবং বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের কার্যক্রমের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সমন্বয় করা।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকালে তার কার্যালয়ের শাপলা হলে তিন দিনের এ সম্মেলনের উদ্বোধন করেন। পরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষে জেলা প্রশাসকদের সঙ্গে প্রথম অধিবেশনে মুক্ত আলোচনা এরপর পৃষ্ঠা ১১: কলাম ১

## কতিপয় শিক্ষকের বিরুদ্ধে

(প্রথম পৃষ্ঠার পর) ও পরে জেলা প্রশাসকদের সঙ্গে ফটোসেশনে অংশ নেন প্রধানমন্ত্রী।

পরীক্ষার হলে 'প্রশ্নের উত্তর' বলে দিয়ে শিক্ষকদের সহযোগিতার অভিযোগ: এদিকে গতকাল বিকাল চারটার দিকে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে দ্বিতীয় অধিবেশনে শিক্ষা মন্ত্রণালয়; প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে মতবিনিময় করেন জেলা প্রশাসকরা। এ সময় পরীক্ষার হলে বহুনির্বাচনী প্রশ্নের (এমসিকিউ) উত্তর পরীক্ষার্থীদের অনেক শিক্ষক বলে দেন বলে অভিযোগ করেছেন ডিসিরা। এ অনিয়ম এড়াতে তারা কঠোর পদক্ষেপ নেওয়ার প্রস্তাব করেন। সভায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মুস্তাফিজুর রহমান দুজনেই মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে ডিসিদের ভূমিকা রাখতে নির্দেশ দেন।

সভা সূত্রে জানা যায়, ডিসিরা মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়েও কিছু সমস্যার কথা তুলে ধরেন। তারা বলেছেন, অনেক জায়গায় মাল্টিমিডিয়া ক্লাসরুমের পর্যাপ্ত উপকরণ নেই। কয়েক ডিসি শিক্ষক সংকটের কথাও বলেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন দুই মন্ত্রী।

সভায় মৌলভীবাজারের জেলা প্রশাসক বলেন, সদ্য জাতীয়করণ হওয়া প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের শিক্ষকদের এখনো গেজেট প্রকাশ না হওয়ায় তারা বেতন-ভাতা পাচ্ছেন না। সভায় প্রশাসকরা দ্রুত গেজেট প্রকাশের দাবি জানান।

মানিকগঞ্জের জেলা প্রশাসক বলেন, বেসরকারি একেক প্রতিষ্ঠানে একেক রকম বেতন-ফি নেওয়া হয়। এ অবস্থা দূর করার জন্য সব প্রতিষ্ঠানে এক বেতন নীতিমালা গঠনের প্রস্তাব রাখেন তিনি। টাঙ্গাইল জেলা প্রশাসক বলেন, টাঙ্গাইল একটি নদীভাঙনপ্রবণ এলাকা। প্রতিবছরই নদীগর্ভে শিক্ষাপ্রতিষ্ঠান বিলীন হয়। শিক্ষাপ্রতিষ্ঠান রক্ষার্থে আগাম বরাদ্দের অনুরোধ জানান তিনি। বরিশাল জেলা প্রশাসক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে দুর্নীতি বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান। বগুড়ার জেলা প্রশাসক তার জেলায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি জানান। সুনামগঞ্জের জেলা প্রশাসক হাওরাঞ্চলের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর গ্রীষ্মকালীন ছুটি এপ্রিল মাসে নিয়ে আসার দাবি জানান। আর মাগুরার জেলা প্রশাসক প্রত্যন্ত অঞ্চলে শিক্ষক সংকটের কথা উল্লেখ করে নতুন শিক্ষক নিয়োগের দাবি জানান।

বৈঠক শেষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের বলেন, পরীক্ষার হলে 'প্রশ্নের উত্তর' বলে দিয়ে শিক্ষকদের সহযোগিতার অভিযোগের বিষয়ে অবগত আছে মন্ত্রণালয়। তিনি বলেন, সব শিক্ষক নয়, যারা এসব করে তারা শিক্ষক সমাজের কলঙ্ক। মন্ত্রণালয় এ বিষয়ে কঠোর পদক্ষেপ নেবে। কাউকেই রেহাই দেওয়া হবে না।

নুরুল ইসলাম নাহিদ বলেন, সভায় জেলা প্রশাসকরা নিজেদের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেছেন। একই সঙ্গে তারা পরামর্শও দিয়েছেন। আমরা তাদের সমস্যার কথা শুনেছি, সেই সঙ্গে সীমাবদ্ধতার কথাও জানিয়েছি। পুরো সভার মূল আলোচ্য ছিল– শিক্ষার গুণগত মান উন্নয়নের বিষয়। দুর্নীতিগ্রস্ত শিক্ষকের উদ্দেশে মন্ত্রী বলেন, যেসব শিক্ষক শিক্ষার্থীদের প্রাইভেট পড়ান কিংবা কোনো অনৈতিক সুবিধার লোভে এসব করছেন, তারা শিক্ষক নামের কলঙ্ক। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। শিক্ষক নিয়োগে প্রশাসকদের দাবির বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় শিক্ষক নিয়োগের জন্য পিএসসির আদলে এনটিআরসিই প্রতিষ্ঠা করা হবে। এ প্রতিষ্ঠান শিক্ষক বাছাই থেকে শুরু করে শিক্ষক নিয়োগের বিষয়টি দেখবে। এর ফলে শিক্ষক নিয়োগে দুর্নীতি বন্ধ হবে।

গতকাল সন্ধ্যা ৬টায় শুরু হয় তৃতীয় অধিবেশন। এই অধিবেশনে জেলা প্রশাসকরা মতবিনিময় করেন অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে। এরপর চতুর্থ অধিবেশ হয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে। পঞ্চম ও দিনের শেষ অধিবেশনে রাতে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়; ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়; বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সঙ্গে মতবিনিময় হয়।

এদিকে সম্মেলনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কার্য-অধিবেশনে কয়েকজন ডিসি চোরাচালান ও সীমান্তের সার্বিক নিরাপত্তা জোরদারে ভারত সীমান্তের রিং রোডের মতো বাংলাদেশ সীমান্তে রিং রোড করার প্রস্তাব দেন। তাদের এ প্রস্তাব নিয়ে আলোচনার পর স্বরাষ্ট্রমন্ত্রী কার্য-অধিবেশন শেষে সাংবাদিকদের বলেন, এ মুহূর্তে সীমান্তে রিং রোড না হলেও সীমান্তের ৭০০ কিলোমিটারে যেখানে বিওপি নেই, সেখানে বিওপি করা হবে। এছাড়া ডিসিদের প্রস্তাব অনুযায়ী দেশের জরাজীর্ণ কারাগারগুলো রক্ষণাবেক্ষণে ব্যবস্থা নেওয়া হচ্ছে বলেও জানান তিনি। অন্য এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, কোস্টগার্ডের ক্ষমতা বাড়াতে ব্যবস্থা নেওয়া হয়েছে। ইতালি থেকে আসছে ৪টি বড় জাহাজ। উপকূলের নিরাপত্তা রক্ষায় নৌ পুলিশের ব্যবস্থা করা হয়েছে। তিনি আরও জানান, মোবাইল কোর্ট আইন সংশোধন ও পরিমার্জন করে এর কলেবর বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া প্রতি জেলায় থাকা আইনশৃঙ্খলা রক্ষা কমিটি এবং সন্ত্রাসবিরোধী শান্তি কমিটিকে নিয়মিত মিটিং করে আইনশৃঙ্খলা রক্ষা এবং রাজনের মতো হত্যাকাণ্ড নিরুৎসাহিত করতে ডিসিদের নির্দেশনা দেন স্বরাষ্ট্রমন্ত্রী।

এবারের ডিসি সম্মেলনে আলোচনার জন্য বিভাগীয় কমিশনারদের মাধ্যমে জেলা প্রশাসকরা ২৫৩টি প্রস্তাব পাঠিয়েছেন। এরমধ্যে ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সবচেয়ে বেশি ২৫টি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত ২৪টি প্রস্তাব নিয়ে আলোচনা হবে।

আজ বুধবার দ্বিতীয় দিনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন জেলা প্রশাসকরা। এর বাইরে আটটি কার্যঅধিবেশন হবে। আগামীকাল বৃহস্পতিবার সম্মেলনের তৃতীয় ও শেষ দিনে পাঁচটি কার্যঅধিবেশন ছাড়াও রয়েছে সমাপনী অধিবেশন।